



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১
টেলিফোন : ০৪৬৬২-৭৫৩৪৫
ফ্যাক্স : ০৪৬৬২-৭৫২২৪
ই-মেইল : da@mpa.gov.bd
ওয়েব সাইট : www.mpa.gov.bd

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.১২.০২০.২০১৭-৫৬১

০৫ মার্চ ২০১৭ খ্রিঃ।

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১১ এর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

সূত্র : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পত্র নং-১৮.০১১.০০৬.০০.০০.০১৫.২০১১-১৫১৩, তারিখ ২৪-১১-২০১১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক সম্মেলন - ২০১১ তে গৃহীত সিদ্ধান্ত সমূহের মধ্যে মোংলা বন্দর সংশ্লিষ্ট বিষয়ে ফেব্রুয়ারী-২০১৭ মাসের অগ্রগতি প্রতিবেদন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে আদিষ্ট হয়ে অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্ত : ০১ (এক) পাতা।

স্বাক্ষরিত/ ৫/৩/১৭
পরিচালক (প্রশাসন)

সচিব
নৌ- পরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জনাব আবদুছ ছাত্তার শেখ, উপ-সচিব (মোংলা বন্দর শাখা)
নৌ- পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব এস. এম. শফিক, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)
নৌ- পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১১ এর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

(ক) স্বল্প মেয়াদী

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩
	<p>মোংলা বন্দরের নিকট ভূমি উন্নয়ন কর বাবদ সরকারের পাওনা ৫ কোটি টাকা আদায়ের জন্য মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করা হলে মন্ত্রণালয় আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে।</p>	<p>মোট ১০টি এল, এ কেসের মাধ্যমে মোংলা উপজেলার শেহালাবুনিয়ার বিদ্যারবাওন দিগরাজ, গলাচিপা দিগরাজ,ভাটেরাবাদ বুড়িরডাঙ্গা ও কামার ডাঙ্গা মৌজায় অধিগ্রহণকৃত ১৪৭৯.৭১ একর জমি বর্তমানে মবক এর ব্যবহারে/দখলে আছে। বর্ণিত জমির বকেয়াসহ ১৪২২ সালের ভূমি উন্নয়ন কর বাবদ মোট ৪,৩৭,৯২,৬১২/- টাকা সহকারী কমিশনার (ভূমি), মোংলা, বাগেরহাট কর্তৃক ০২/১১/২০১৫ ইং তারিখে দাবি করা হয়। উক্ত দাবির প্রেক্ষিতে গত ২৯/০২/২০১৬ তারিখে মোট ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা পরিশোধ করা হয়েছে। মবক এর অনুকূলে অধিগ্রহণকৃত জমির একর প্রতি বাণিজ্যিক হারে কর নির্ধারণের পরিবর্তে ব্যবহার ভিত্তিক কর নির্ধারণের বিষয়ে ০৪/১০/২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে পুনঃপ্রস্তাব প্রেরণ করা হয়েছে।</p> <p>উক্ত পত্রের প্রেক্ষিতে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ৩১/১০/২০১৬ ইং তারিখে ১৮.০১৭.০০৬.১৪.০০১.২০১১(অংশ-১)-২২৬ সংখ্যক পত্রের মাধ্যমে কি পরিমাণ জমির জন্য ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে তা সুস্পষ্ট করে এবং স্কেচম্যাপে তা চিহ্নিত করে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে।</p> <p>তদপ্রেক্ষিতে স্কেচম্যাপে ব্যবহার ভিত্তিক জমি চিহ্নিত করণ কাজ সম্পন্ন হয়েছে। শীঘ্রই নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।</p>

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১১ এর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

(খ) মধ্যমেয়াদী

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	সিদ্ধান্ত বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি
১।	পশুর নদী ড্রেজিং এর জন্য গৃহীত প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।	মোংলা বন্দর কর্তৃপক্ষ।	<p>পশুর নদীর নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিং কার্যক্রমঃ</p> <ul style="list-style-type: none"> "পশুর চ্যানেলের হারবার এলাকায় ড্রেজিং" শীর্ষক প্রকল্পের অধীনে চ্যানেলের হারবার এলাকার বিভিন্ন স্থানে মোট ৩৪.০৬ লক্ষ ঘনমিটার, হিরন পয়েন্ট এর নীলকমলে ১.৫০ লক্ষ ঘন মিটার ড্রেজিং কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। ফলে স্বাভাবিক জোয়ারে ৭.৫ মিটার গভীরতার জাহাজ নির্বিঘ্নে বন্দরে আগমন-নির্গমন করতে পারছে। "মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত ক্যাপিটাল ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি ১৬৬ কোটি ৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ১০-৫-২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অধীনে বন্দর জেটি হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত প্রায় ১৩ কিঃ মিঃ নদী ড্রেজিং করা হবে। উক্ত ড্রেজিং এর দরপত্রের কার্যক্রম চলমান আছে। মোংলা বন্দরের এ্যাংকরেজ এলাকায় ১০.৫ মিটার এর অধিক ড্রাফটের জাহাজ আনয়নের লক্ষ্যে আউটার বার এলাকায় ড্রেজিং এর জন্য "পশুর চ্যানেলের আউটার বারে ড্রেজিং" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়নের জন্য হাতে নেয়া হয়েছে। প্রকল্পটির উপর গত ১৭/১১/২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী এবং সরকার কর্তৃক জারীকৃত পরিপত্র অনুযায়ী বাংলায় ডিপিপি প্রণয়ন করে গত ৩১/০১/২০১৭ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ক্যাপিটাল ড্রেজিং এর অর্জিত গভীরতা ধরে রাখার নিমিত্তে নিয়মিত ড্রেজিং কার্যক্রমের জন্য আনুষঙ্গিক সুবিধাদিসহ ২টি কাটার সাকশান ড্রেজার সংগ্রহ করা হয়েছে। <p>এছাড়া, মোংলা বন্দরের ১৩১ কিঃমিঃ দীর্ঘ চ্যানেলের নাব্যতা সংরক্ষণের জন্য নিয়মিত ড্রেজিং কার্য পরিচালনার লক্ষ্যে চীন সরকারের অনুদানে ৩২০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে আনুষঙ্গিক সুবিধাদিসহ "মোংলা বন্দরের জন্য একটি ট্রেলিং সাকশান হপার ড্রেজার সংগ্রহ" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য হাতে নেয়া হয়েছে।</p>

স্বাক্ষরিত/ ৫/৩/১৭
পরিচালক (প্রশাসন)